

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৮১৯

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ عَلَى مَنْ نَاوَأَهُمْ حَتَّى يُقَاتِلَ آخِرُهُمُ الْمَسِيحَ الدَّجَالَ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৩৮১৯-[৩৩] ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মাতের মধ্যে সর্বদা একটি দল সত্যের উপর অটল-অবিচল থেকে শত্রুর মুকাবিলায় সংগ্রাম করতে থাকবে এবং তাদের বিরুদ্ধবাদীদের ওপর বিজয়ী হবে। এমনিভাবে উম্মাতের শেষ দল মাসীহ দাজ্জালের (সত্য-মিথ্যার আন্দোলনে) সাথেও লড়াই-সংগ্রাম করতে থাকবে। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ২৪৮৪, মুসনাদ আহমাদ ১৯৮৫১, সহীহ আল জামি' ৭২৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসটিতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটি ভবিষ্যদ্বাণীর বর্ণনা বিদ্যমান। আর তা হলো এই উম্মাতের একটি দল সর্বযুগেই হাকের উপর অটল অবিচল থেকে আল্লাহর রাস্তায় জিহাদ করে যাবে এবং তারা বিজয়ী হবে।

(ظَاهِرِينَ عَلَى مَنْ نَاوَأَهُمْ) অর্থাৎ তারা ঐ সকল লোকদের ওপর বিজয়ী হবে, যারা তাদের শত্রুতা করবে। অন্য কথায়, যারা তাদের বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতি গ্রহণ করবে, তাদের বিরুদ্ধে আল্লাহর রাস্তায় জিহাদকারী এ দলটি বিজয়ী হবে। (আওনুল মা'বুদ খন্ড ৫, হাঃ ২৪৮১)

হাদীসের বাণী «حَتَّى يُقَاتَلَ آخِرُهُمُ الْمَسِيحُ الدَّجَالُ» তথা ‘এমনকি তাদের সর্বশেষ দলটি দাজ্জালের সাথে যুদ্ধ করবে’, এখানে সর্বশেষ যুদ্ধদল বলতে মাহদী, ‘ঈসা (আঃ) ও তাদের অনুসারীগণ উদ্দেশ্য। (মিরকাতুল মাফাতীহ)

‘ঈসা (আঃ) আসমান হতে অবতরণের পর বায়তুল মুকাদ্দাসের নিকট মুসলিমরা যখন তাকে (দাজ্জালকে) আটকে রাখবে তখন ‘ঈসা (আঃ) তাকে হত্যা করবেন। আর মুসলিমদের মাঝে মাহদীও উপস্থিত থাকবেন। দাজ্জালকে হত্যা করার পর আর জিহাদ থাকবে না।

ইয়া’জুজ- মা’জুজ-এর সাথে শক্তিতে মুসলিমরা পেরে উঠবে না। পরবর্তীতে আল্লাহ তা’আলা তাদেরকেও ধ্বংস করে দিবেন। ফলে যতদিন ‘ঈসা (আঃ) পৃথিবীতে জীবিত থাকবেন ততদিন পৃথিবীতে কোনো কাফির থাকবে না। মিরকাতুল মাফাতীহে অনুরূপ বর্ণনাই পাওয়া যায়। (‘আওনুল মা’বুদ ৫ম খন্ড, হাঃ ২৪৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69146>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন